



**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

তারিখ : ২৪/১২/২০১৫ ইং

সার্কুলার নং-ডিএমডি-০৫/২০১৫

নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক  
বাংলাদেশ ব্যাংক  
মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সদরঘাট, ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড ক্রয় প্রসঙ্গে।**

শীর্ষক বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সঞ্চয় শাখা-এর ০৩-১২-২০১৫ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০১.০০.২৬৫ নং পত্রের নির্দেশক্রমে অবহিত করা যাচ্ছে যে, ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড বুলস, ১৯৮১(সংশোধিত ২০১২)-এর ২(১০) এবং ৩(১,২) অনুযায়ী সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারী বিদেশে লিয়েন/ডেপুটেশন শেষে অর্জিত বৈদেশিক মুদ্রার সমপরিমাণ বাংলাদেশী মুদ্রায় ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড ক্রয় করতে চাইলে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে-

“বিনিয়োগকারী দেশে প্রত্যাবর্তনের সর্বোচ্চ ১ বছরের মধ্যে বিনিময় হারের মাধ্যমে গৃহীত অর্থ ও সংশ্লিষ্ট দলিলাদি বাংলাদেশ ব্যাংকে জমা করে উক্ত পরিমাণ অর্থ বৈদেশিক মুদ্রায় (বাংলাদেশ ব্যাংক হতে) পুনঃগ্রহণ করে ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড কিনতে পারবেন। তবে এটি যথাযথভাবে তাঁর সম্পদ বিবরণীতে অন্তর্ভুক্ত করার শর্ত প্রযোজ্য হবে।”

আপনাদের বিশ্বস্ত,

( মোঃ আওলাদ হোসেন চৌধুরী )

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৩১

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড সেকশন  
প্রাপ্তি নং... ২০৬৯  
তারিখ: ২২/১২/১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
সঞ্চয় শাখা  
www.ird.portal.gov.bd

পত্র সংখ্যা ০৮.০০.০০০০.০৪১.২২.০০১.০০. ২১৮৫


তারিখ: ১৯ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয় : ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড ক্রয় প্রসংগে।

সূত্র : বাংলাদেশ ব্যাংকের পত্র নং- ডিএমডি/সঞ্চয়বন্ড-০৬/২০১৫-২৫৪৪ তারিখঃ ২০-১১-২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারি বিদেশে লিয়েন/ডেপুটেশন শেষে দেশে অবস্থাকালীন সময়ে অর্জিত বৈদেশিক মুদ্রার সমপরিমাণ বাংলাদেশী মুদ্রায় ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড কিনতে পারবে কিনা সে বিষয়ে নিম্নোক্ত মতামত নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

“ বিনিয়োগকারী দেশে প্রত্যাবর্তনের সর্বোচ্চ ১ বছরের মধ্যে বিনিময় হারের মাধ্যমে গৃহীত অর্থ ও সংশ্লিষ্ট দলিলাদি বাংলাদেশ ব্যাংকে জমা করে উক্ত পরিমাণ অর্থ বৈদেশিক মুদ্রায় (বাংলাদেশ ব্যাংক হতে) পুনঃ গ্রহণ করে ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড কিনতে পারবেন। তবে এটি যথাযথভাবে তাঁর সম্পদের বিবরণীতে অন্তর্ভুক্ত করার শর্ত প্রযোজ্য হবে। “

  
(মোঃ আবদুল জব্বার)  
সহকারী সচিব  
ফোনঃ ০২৯৫৪০২১৬

মহাব্যবস্থাপক  
ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়  
ঢাকা।

পত্র সংখ্যা ০৮.০০.০০০০.০৪১.২২.০০১.০০.

তারিখ: ১৯ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্ম- সচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আবদুল জব্বার)  
সহকারী সচিব